| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | প্রকৌশল বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় পরিশিষ্ট 'খ' মোতাবেক ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি'র) এবং উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন তহবিল (উদ্বৃত্তের) অর্থ দ্বারা অগ্রাধিকার ভিত্তিক বাস্তবায়নযোগ্য চূড়ান্ত প্রকল্পের তালিকা অনুমোদনের জন্য পেশ করেন।<br><br>(খ) সভায় চেয়ারম্যান, সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদ জানান যে, সাপ্টিবাড়ী বাজার হতে ভেলাবাড়ী গামী পাঁকা রাস্তার উভয় পার্শ্বে ইউনিয়ন পরিষদ ও আরডিআরএস বাংলাদেশ এর যৌথ উদ্যোগে ফলজ, বনজ ও কাঠের গাছের চারা রোপন করা হয়েছিল। উক্ত চারা গাছসমূহের মধ্যে ৪০০টি আগ্রাসী প্রজাতির ইউক্যালিপ্টাস গাছ রয়েছে। যাহা বর্তমানে আকাশচুম্বী বৃহৎ আকারে লম্বা হওয়ার কারণে সামান্য ঝড়-বৃষ্টি ও বাতাসে ভেঙ্গে পড়ছে। গাছের গোড়া মোটা হওয়ার কারণে ফাটল ধরে পাঁকা রাস্তাসমূহ দিন দিন নষ্ট হচ্ছে। যার ফলে জানমালের ক্ষতি হওয়ার সম্ভাবনা আছে। বর্তমান সরকার পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণের স্বার্থে ও আন্তর্জাতিক অঙ্গীকার পূরণে আগ্রাসী প্রজাতির ইউক্যালিপ্টাস এবং আকাশমনি গাছের চারা রোপন, উত্তোলন ও বিক্রয় নিষিদ্ধ করেছে। এ প্রেক্ষিতে তিনি সভায় বর্ণিত রাস্তার উভয়পার্শে ইতিপূর্বে রোপনকৃত ইউক্যালিপ্টাস গাছসমূহ নিলামের মাধ্যমে অপসারণের জন্য সভায় অনুমোদনের অনুরোধ জানান। | (ক) পরিশিষ্ট 'খ' মোতাবেক উপস্থাপিত ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি'র) এবং উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন তহবিল (উদ্বৃত্তের) অর্থ দ্বারা অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প তালিকা বাস্তবায়নের নিমিত্ত অনুমোদন করা হলো। উপজেলা প্রকৌশলী অনুমোদিত প্রকল্পসমূহ দ্রুত সময়ের মধ্যে টেন্ডার আহ্বানসহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।<br>(খ) সভায় উপস্থাপিত ৪০০টি ইউক্যালিপ্টাস গাছ নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য ইউনিয়ন পরিষদের পূর্ণাঙ্গ মালিকানা এবং আরডিআরএস বাংলাদেশ এর যৌথ উদ্যোগে রোপনের প্রমাণাদিসহ বিস্তারিত তথ্যাদি আগামী সভা উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান/ বিভাগীয় প্রধান/উপজেলা প্রকৌশলী আদিতমারী।<br><br>চেয়ারম্যান, সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদ |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী সভায় জানান যে, প্রাথমিক পর্যায়ের সকল শ্রেণির নতুন শিক্ষা বর্ষের পাঠ্যপুস্তক পাওয়া গেছে। ইতোমধ্যে ৯৮% শিক্ষার্থী টাইফয়েড ভ্যাকসিন গ্রহণ করেছে। প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ৩য় প্রান্তিক মূল্যায়ন/২৫ আগামী ১লা ডিসেম্বর/২৫ হতে শুরু হয়ে ১০ডিসেম্বর/২০২৫ এর মধ্যে শেষ হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী। |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ২০২৬ শিক্ষা বর্ষের মাধ্যমিক পর্যায়ে মাত্র ১৯% পাঠ্যপুস্তক হাতে এসে পৌছেছে। পাশাপশি জুনিয়র বৃত্তি পরীক্ষা আগামী ২৮ ডিসেম্বর/২৫ থেকে শুরু হয়ে ৩১ ডিসেম্বর/২৫ তারিখে শেষ হবে। এ বিষয়ে ইতিমধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং করতে হবে। কোন অনিয়ম হলে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২০২৬ শিক্ষা বর্ষের পাঠ্যপুস্তক হাতে পাওয়া মাত্রই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী বিতরণ সম্পন্ন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষনের কার্যক্রমের সকল প্রকল্পসমূহ জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত হয়েছে। আইবাস কার্যক্রম চলমান রয়েছে। দ্রুত প্রকল্প সভাপতি বরাবর ডিও হস্তান্তর করা হবে। প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী শীত বস্ত্র ক্রয় সম্পন্ন করা হয়েছে। দ্রুতই ইউনিয়ন পরিষদে বিতরণের জন্য সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্য বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ০৮ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, আদিতমারী, সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, হিড়া ভাতা. বেদে অনগ্রসর ভাতা ও উপবৃত্তির আবেদনের সময় আগামী ৩০/১১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।<br>অন্যদিকে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সকল ভাতাভোগীগণকে তার নিজ এনআইডির মাধ্যমে সিম (যে নম্বরে ভাতা পান) নিবন্ধন থাকতে হবে। অন্যথায় ডিসেম্বর/২৫ এর পরে ভাতা বন্ধ হয়ে যাবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আদিতমারী। |

